# মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত মাসিক প্রতিবেদন

সংস্থার নাম : বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (কর্তৃপক্ষ)
মাসের নাম: নভেম্বর ২০১৮

| ক্রঃ নং | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা | বাস্তবায়ন সম্পর্কিত তথ্য |
|---|---|---|
| ৬। (ছ) | রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্পের কাজ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে পৃথক আইন প্রণয়ন করতে হবে; | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ অনুযায়ী নিউক্লীয় নিরাপত্তা নিশ্চিত করে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের কাজ যথাসময়ে সম্পন্ন করতে সহায়তার লক্ষ্যে ইতোমধ্যে গত ০২ নভেম্বর ২০১৭ তারিখে NPP Unit-1 এবং ৮ জুলাই ২০১৮ তারিখে NPP Unit-2-এর Design & Construction License প্রদান করা হয়েছে। এ ছাড়াও এই দুটি বিদ্যুৎ কেন্দ্রের Safety & Security নিশ্চিত করার লক্ষ্যে কর্তৃপক্ষের গৃহীত কার্যক্রম নিম্নরূপঃ<br><br>(১) রূপপুর NPP-এর Updated Preliminary Safety Analysis Report (PSAR)-এর Review and Assessment কার্যক্রম চলমান রয়েছে;<br><br>(২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের 20UJA ভবনের Soil Stabilization Safety Status Report-এর Review and Assessment সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে;<br><br>(৫) ১৯ নভেম্বর ২০১৮ ইং তারিখে "A Bilateral meeting between BAERA and Spanish Nuclear Safety Council (CSN) on exchanging experience and prospective future cooperation" শিরোনামে একটি দ্বিপাক্ষীয় সভা কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় Spanish Nuclear Council-এর Chairman এবং Head of International Regulatory Body অংশগ্রহণ করেন।<br><br>(৬) ২০ নভেম্বর ২০১৮ ইং তারিখে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র সরেজমিনে পরিদর্শনের জন্য কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে Spanish Nuclear Safety Council (CSN)-এর চেয়ারম্যানসহ ২ (দুই) জন উচ্চ পর্যায়ের প্রতিনিধি এবং নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ১৪ (চৌদ্দ) জন প্রতিনিধিসহ সর্বমোট ১৬ (ষোল) সদস্যের একটি প্রতিনিধি দল হেলিকপ্টার যোগে রূপপুর সাইট পরিদর্শন করেন।<br><br>(৭) ২৫ নভেম্বর ২০১৮ ইং তারিখে কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে "Nuclear Security and Physical Protection" বিষয়ক শিরোনামে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে কর্তৃপক্ষের ১ (এক) জন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা Presentation উপস্থাপন করেন। উক্ত সেমিনারে মন্ত্রণালয়ের প্রতিনিধি, পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা ব্যবস্থা সেল-এর প্রতিনিধি ব্রিগেঃ জেনারেল আখতার শহীদ, লেঃ কর্নেল কামরুজ্জামান, লেঃ কর্নেল মোঃ কবীর উদ্দীন সিকদার, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের প্রতিনিধিসহ কর্তৃপক্ষের সদস্য মহোদয়গণ এবং পারমাণবিকি নিরাপত্তা ও সুরক্ষা বিভাগের সকল বিজ্ঞানী/প্রকৌশলী উপস্থিত ছিলেন। |